দৈনিক সংবাদ

তারিখ ... 01 NOV 1992
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ৭

21

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# প্রশ্নপত্র প্রণয়নে ষড়যন্ত্রমূলক ব্যবস্থা গ্রহণের অভিযোগ

( নিজস্ব বার্তা পরিবেশক )

চট্টগ্রাম, ৩০শে অক্টোবর।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশনের ব্যাপারে ঘাপলা সৃষ্টি এবং পরিকল্পিতভাবে ষড়যন্ত্রমূলক ব্যবস্থা গ্রহণের অভিযোগ পাওয়া গেছে। আগামী ৮ই নভেম্বর থেকে অনুষ্ঠেয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের এম,এ শেষ পর্ব পরীক্ষায় স্বাধীনতাবিরোধী ইসলামী ছাত্রশিবিরের নেতা–কর্মীদের প্রতি স্বজন–প্রীতি, বিশেষ সুবিধা প্রদান এবং পক্ষান্তরে প্রগতিশীল ছাত্রছাত্রীদের হয়রানি করার জন্য এই ব্যবস্থা নেয়া হচ্ছে বলে জানা যায়।

বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী বিভিন্ন পরীক্ষার জন্য ৩ জন বিভাগীয় শিক্ষক ও অন্য বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক সমন্বয়ে পরীক্ষা কমিটি গঠিত হয়। বিশ্বস্ত সূত্রে জানা গেছে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে গঠিত এই পরীক্ষা কমিটির সভাপতি কমিটির অন্য কোন সদস্যের সঙ্গে আলোচনা না করে ঐ পরীক্ষার বিভিন্ন পত্রের জন্য প্রশ্নপত্র প্রণয়নকারী নিয়োগ করেন এবং তিনি নিজেই একাধিক প্রশ্নপত্র তৈরি করেন। ফলে জামাতপন্থী এই সভাপতি পরীক্ষার ফলাফল তার ইচ্ছা–নুযায়ী নির্ধারণের সুযোগ লাভ করেছেন। গত জুলাই মাসের শেষদিকে ইসলামের ইতিহাস বিষয়ে ঐ পরীক্ষার প্রশ্নপত্রগুলোর মডারেশন করা হয়।

বিশ্বস্ত সূত্র আরো জানায়, ইতিমধ্যে মডারেশন করা প্রশ্নপত্রের কিছু কপি সভাপতি তার অনুগ্রহভাজন ছাত্রদের কাছে বিলি করেছেন। অন্যান্য পরীক্ষার্থীর মধ্যে এ নিয়ে গভীর উদ্বেগের সৃষ্টি হয়েছে।